# প্রাথমিক গণিত

## প্রথম শ্রেণি





জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৩ শিক্ষাবর্ষ থেকে
প্রথম শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

# প্রাথমিক গণিত

## প্রথম শ্রেণি



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

কর্তৃক প্রকাশিত


---

(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)


**প্রথম সংস্করণ সংকলন ও রচনা**

সালেহ্ মতিন

হামিদা বানু বেগম

এ. এম. এম. আহসান উল্লাহ্

মোঃ মাজহারুল ইসলাম খান

মোঃ সেলিম

মোঃ কামরুজ্জামান

মোহাম্মদ মফিজুর রহমান

**শিল্প নির্দেশনা**

হাশেম খান

**ছবি ও অলংকরণ**

মো. রবিউল ইসলাম

জাকির হোসেন ফকির



প্রথম মুদ্রণ : অক্টোবর ২০২২

পরিমার্জিত সংস্করণ : অক্টোবর ২০২৪

**ডিজাইন**

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

---

মুদ্রণে :

# প্রসঙ্গকথা

প্রাথমিক স্তর শিক্ষার ভিত্তিভূমি। প্রাথমিক শিক্ষা সুনির্দিষ্ট লক্ষ্যমুখী ও পরিকল্পিত না হলে গোটা শিক্ষাব্যবস্থাই দুর্বল হয়ে পড়ে। এই বিষয়টি বিবেচনায় নিয়ে ২০১০ সালের শিক্ষানীতিতে প্রাথমিক স্তরকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। বিশ্বের উন্নত দেশসমূহের সাথে সংগতি রেখে প্রাথমিক স্তরের পরিসর বৃদ্ধি এবং অন্তর্ভুক্তিমূলক করার ওপর জোর দেওয়া হয়েছে। সামাজিক ও অর্থনৈতিক স্তর এবং ধর্ম-বর্ণ কিংবা লৈঙ্গিক পরিচয় কোনো শিশুর শিক্ষাগ্রহণের পথে যাতে বাধা না হয়ে দাঁড়ায় এ বিষয়েও বিশেষ দৃষ্টি রাখা হয়েছে।

প্রাথমিক শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) একটি সমন্বিত শিক্ষাক্রম গ্রহণ করেছে। এই শিক্ষাক্রমে একদিকে শিক্ষাবিজ্ঞান ও উন্নতবিশ্বের শিক্ষাক্রম অনুসরণ করা হয়েছে, অন্যদিকে বাংলাদেশের চিরায়ত শিখন-শেখানো মূল্যবোধকেও গ্রহণ করা হয়েছে। এর মাধ্যমে শিক্ষাকে অধিকতর জীবনমুখী ও ফলপ্রসূ করার প্রয়াস বাস্তব ভিত্তি পেয়েছে। বিশ্বায়নের বাস্তবতায় শিশুদের মনোজাগতিক অবস্থাকেও শিক্ষাক্রমে বিশেষভাবে বিবেচনায় রাখা হয়েছে।

শিক্ষাক্রম বাস্তবায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান-উপকরণ হলো পাঠ্যপুস্তক। এই কথাটি মাথায় রেখে এনসিটিবি প্রাথমিক স্তরসহ প্রতিটি স্তর ও শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়নে সবসময় সচেষ্ট রয়েছে। প্রতিটি পুস্তক রচনা ও সম্পাদনার ক্ষেত্রে শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্যকে প্রাধান্য দেওয়া হয়েছে। শিশুমনের বিচিত্র কৌতূহল এবং ধারণক্ষমতা সম্পর্কে রাখা হয়েছে সজাগ দৃষ্টি। শিখন-শেখানো কার্যক্রম যাতে একমুখী ও ক্লান্তিকর না হয়ে আনন্দের অনুষঙ্গ হয়ে ওঠে সেদিকটি শিক্ষাক্রম এবং পাঠ্যপুস্তক প্রণয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। আশা করা যায়, প্রতিটি বই শিশুদের সুষম মনোদৈহিক বিকাশের সহায়ক হবে। একই সাথে তাদের কাঙ্ক্ষিত দক্ষতা, অভিযোজন সক্ষমতা, দেশপ্রেম ও নৈতিক মূল্যবোধ অর্জনের পথকেও সুগম করবে।

আবশ্যকীয় বিষয় হিসেবে প্রাথমিক স্তরে 'প্রাথমিক গণিত' পাঠ্যপুস্তকটি প্রণয়ন করা হয়েছে। গণিতের বিষয়বস্তুগুলো সহজ ও আকর্ষণীয়ভাবে উপস্থাপন করার জন্য প্রয়োজনীয় ব্যাখ্যা, ছবি ও উদাহরণ দেওয়া হয়েছে। গণিতের পাঠ্যক্রমগুলো জানা থেকে অজানা এবং সহজ থেকে কঠিন অনুক্রমে সাজানো হয়েছে, ফলে শিখন-শেখানো কার্যক্রম অধিকতর কার্যকর হয়েছে। শিক্ষার্থীদের অধিক অনুশীলনের সুবিধার্থে গণিত পাঠ্যপুস্তকে নিজে করি অনুশীলন যুক্ত করা হয়েছে। সার্বিকভাবে শিক্ষার্থীরা গণিতের ধারণাগুলো নিকট পরিবেশ ও বাস্তব ঘটনাবলির আলোকে অনুধাবন করে অনুশীলনের মাধ্যমে আত্মস্থ করতে পারবে বলে আশা করা যায়।

বইটি রচনা, সম্পাদনা ও পরিমার্জনে যেসব বিশেষজ্ঞ ও শিক্ষক নিবিড়ভাবে কাজ করেছেন তাঁদের বিশেষভাবে কৃতজ্ঞতা জানাই। কৃতজ্ঞতা জানাই তাঁদের প্রতিও যাঁরা অলংকরণের মাধ্যমে বইটিকে শিশুদের জন্য চিত্তাকর্ষক করে তুলেছেন। ২০২৪ সালের পরিবর্তিত পরিস্থিতিতে প্রয়োজনের নিরিখে পাঠ্যপুস্তকসমূহ পরিমার্জন করা হয়েছে। দ্রুততার কারণে কিছু ভুলত্রুটি থেকে যেতে পারে। সুধীজনের কাছ থেকে যৌক্তিক পরামর্শ ও নির্দেশনা পেলে সেগুলো গুরুত্বের সাথে বিবেচনায় নেওয়া হবে।

পরিশেষে বইটি যাদের জন্য, সেই কোমলমতি শিক্ষার্থীদের সার্বিক কল্যাণ কামনা করছি।

অক্টোবর ২০২৪

**প্রফেসর ড. এ কে এম রিয়াজুল হাসান**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# চরিত্র প্রতীকের ব্যাখ্যা

১) চরিত্র : পাঠ্যপুস্তকে তুলি ও রাফি নামের দুইজন শিক্ষার্থীর কথোপকথন দেখানো হয়েছে। তাদের আলোচনা ও মতামতের মাধ্যমে শিক্ষার্থীদের গণিতের ধারণা স্পষ্ট হবে।



তুলি



রাফি



সঞ্চালক : পাঠনির্দেশক।



শিক্ষিকা



শিক্ষক

২) পাঠে কিছু প্রতীক ব্যবহার করে ধাপগুলো নির্দেশ করা হয়েছে।



মূল প্রশ্ন : এই প্রশ্নের মাধ্যমে অধ্যায়ের মূলভাব প্রকাশ করা হয়েছে।



কাজ : কোনো একটি সমস্যা সমাধানে শিক্ষকের সহযোগিতায় শিক্ষার্থীরা আলোচনা করবে ও যৌক্তিকভাবে চিন্তা করবে।



অনুশীলন : শিক্ষার্থীরা সমাধান করবে। শিখন অগ্রগতি যাচাই করা যাবে।

# সূচিপত্র


| অধ্যায় | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | তুলনা করি | ১ |
| ২ | গণনা | ৫ |
| ৩ | সংখ্যা (১ থেকে ১০) | ৯ |
| ৪ | যোগের ধারণা | ২৯ |
| ৫ | বিয়োগের ধারণা | ৪৩ |
| ৬ | সংখ্যা : ১১ থেকে ২০ | ৫৪ |
| ৭ | যোগ (১১ থেকে ২০) | ৫৮ |
| ৮ | বিয়োগ (১১ থেকে ২০) | ৬৬ |
| ৯ | সংখ্যা (২১ থেকে ৪০) | ৬৯ |
| ১০ | স্থানীয় মান | ৭৪ |
| ১১ | নিজে করি | ৭৯ |
| ১২ | জ্যামিতি | ৮২ |
| ১৩ | প্যাটার্ন | ৮৬ |
| ১৪ | সংখ্যা (৪১ থেকে ১০০) | ৯২ |
| ১৫ | যোগ | ৯৭ |
| ১৬ | বিয়োগ | ১০১ |
| ১৭ | বাংলাদেশি মুদ্রা | ১০৫ |
| ১৮ | নিজে করি | ১০৯ |



# তুলনা করি

## কম-বেশি

পাশাপাশি ছবি তুলনা করে কম-বেশি বলি







'কম' জিনিসে টিক চিহ্ন (✓) দিই



'বেশি' জিনিসে টিক চিহ্ন (✓) দিই



'কম' জিনিসে টিক চিহ্ন (✓) দিই



'বেশি' জিনিসে টিক চিহ্ন (✓) দিই



## ছোট–বড়ো



ছোট বড়ো



বড়ো ছোট

ছোটটিতে টিক চিহ্ন (✓) দিই



বড়োটিতে টিক চিহ্ন (✓) দিই



## খাটো–লম্বা




খাটো লম্বা




লম্বা খাটো

'খাটো' জিনিসে টিক চিহ্ন (✓) দিই



'লম্বা' জিনিসে টিক চিহ্ন (✓) দিই




## কাছে–দূরে





কাছে

দূরে

লাইট পোস্ট থেকে কোনটি কাছে টিক (✓) দিই, কোনটি দূরে গোল দাগ (O) দিই।



## হালকা–ভারি

| | |
|---|---|
|  <br>হালকা ভারি |  <br>হালকা ভারি |
| ‘হালকা’ জিনিসে টিক চিহ্ন (✓) দিই<br>  | ‘ভারি’ জিনিসে টিক চিহ্ন (✓) দিই<br>  |




কম বেশি

বড়ো ছোট


খাটো লম্বা



কাছে দূরে

হালকা ভারি






২০১৮


# গণনা


## উপকরণ গণনা


### গণনা করি













১০১৬

## দাগ টেনে সমান সংখ্যক ছবি মিল করি




## গণনা করি



তোমাদের আশেপাশে বিভিন্ন বস্তু গণনা করে কয়টি আছে বলো





২০২৬

## দাগ টেনে সমান সংখ্যাক ছবি মিল করি



# সংখ্যা (১ থেকে ১০)


## চেনা ও পড়া (১, ২, ৩, ৪, ৫)

| ছবি গণনা করি | | সংখ্যা চিনে পড়ি |
|---|---|---|
|  | □ | ১<br>এক |
|  | □□ | ২<br>দুই |
|  | □□□ | ৩<br>তিন |
|  | □□<br>□□ | ৪<br>চার |
|  | □□<br>□<br>□□ | ৫<br>পাঁচ |













২০২৫

## ছবি গণনা করে সংখ্যার সাথে দাগ টেনে মিল করি

(একটি করে দেখানো হলো)



## সংখ্যার সাথে মিল করে ছবির নিচে দাগ দিই
(একটি করে দেখানো হলো)

| | | | |
|---|---|---|---|
| ২ |  |  |  |
| ১ |  |  |  |
| ৪ |  |  |  |
| ৩ |  |  |  |
| ৫ |  |  |  |





২০২৫



ছবি গণনা করে পাশের সংখ্যায় গোল দাগ (o) দিই


| | |
|---|---|
|  | ২ ৪ ১ (৩) ৫ |
|  | ২ ৪ ১ ৩ ৫ |
|  | ২ ৪ ১ ৩ ৫ |
|  | ২ ৪ ১ ৩ ৫ |
|  | ২ ৪ ১ ৩ ৫ |

## গণনা, রং করা, পড়া ও লেখা

| গণনা করি | সমান সংখ্যক রং করি | পড়ি | লিখি | |
|---|---|---|---|---|
|  | | ১ | | |
|  | | ২ | | |
|  | | ৩ | | |
|  | | ৪ | | |
|  | | ৫ | | |









২০২৫

ছবি গণনা করি ও খালি ঘরে সংখ্যা লিখি (একটি করে দেখানো হলো)




# চেনা ও পড়া

## সংখ্যা (৬, ৭, ৮, ৯, ১০)


| ছবি গণনা করি | | সংখ্যা চিনে পড়ি |
|---|---|---|
|  |  | ৬ ছয় |
|  |  | ৭ সাত |
|  |  | ৮ আট |
|  |  | ৯ নয় |
|  |  | ১০ দশ |


২০২৬

ছবি গণনা করে সংখ্যার সাথে দাগ টেনে মিল করি





৬






৮







৭






১০











৯





২০২৫

সংখ্যার সাথে মিল করে ছবির নিচে দাগ দিই


| | | | |
|---|---|---|---|
| ৬ |  |  |  |
| ৮ |  |  |  |
| ১০ |  |  |  |
| ৭ |  |  |  |
| ৯ |  |  |  |

২০২৫

ছবি গণনা করে পাশের সংখ্যায় গোল (○) দাগ দিই

| | |
|---|---|
|  | ৬ ৮ ৭ ৯ |
|  | ৮ ৭ ৯ ৬ |
|  | ১০ ৯ ৬ ৮ |
|  | ৯ ৭ ৮ ১০ |
|  | ৬ ৯ ৮ ১০ |


## গণনা, রং করা, পড়া ও লেখা

| গণনা করি | সমান সংখ্যক রং করি | পড়ি | লিখি | |
|---|---|---|---|---|
|  | | ৬ | ৬ | ৬ |
|  | | ৭ | ৭ | ৭ |
|  | | ৮ | ৮ | ৮ |
|  | | ৯ | ৯ | ৯ |
|  | | ১০ | ১০ | ১০ |

২০২৫

# শূন্যের ধারণা

থালায় কয়টি আম আছে গণনা করি ও সংখ্যা বলি



| ৪ | ৩ | ২ | ১ | |
|---|---|---|---|---|



খালি ঘরের সংখ্যাটি কত হবে?


খালি ঘরের সংখ্যাটি হবে 'শূন্য' এবং পড়ি 'শূন্য' ও লিখি '০'।






শূন্য

গণনা করি ও খালি ঘরে সংখ্যা লিখি।



২০১৮


ছবি গণনা করি ও খালি ঘরে সংখ্যা লিখি



তোমার কয়টি খাতা, কয়টি বই ও কয়টি পেনসিল আছে তা গণনা করে বলো ও লেখো



২০২৫

বস্তু বিভিন্নভাবে সাজাই ও সংখ্যায় লিখি (একটি করে দেখানো হলো)





৫টি বস্তু বিভিন্নভাবে সাজাও
৮টি বস্তু বিভিন্নভাবে সাজাও


## ১০ এর গঠন

| গণনা করি | দশের সাহায্যে গণনা করি | দশের সাহায্যে পড়ি | সংখ্যা পড়ি | সংখ্যা লিখি |
|---|---|---|---|---|
|  |  | ১ দশ | ১০ দশ | ১০ |

১০টি বস্তুকে বিভিন্নভাবে সাজানো যায়।





১০টি বস্তুকে বিভিন্নভাবে সাজিয়ে ছবি আঁকি ও সংখ্যায় লিখি।




২০২৫


## সংখ্যার তুলনা







ছবি গণনা করে খালিঘরে সংখ্যা ও কম বা বেশি লিখি (একটি করে দেখানো হলো)




ছোট সংখ্যাতে গোল দাগ দিই

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (৩) | ৪ | ২ | ৩ | ৭ | ৫ | ৬ | ৮ | ৯ | ৭ |

বড়ো সংখ্যাতে গোল দাগ দিই

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | ৪ | ৮ | ৯ | ৫ | ৮ | ৭ | ৬ | ৮ | ৭ |

# ক্রমের ধারণা

সংখ্যা পড়ি: কম থেকে বেশি ও বেশি থেকে কম

| কম থেকে বেশি | কম থেকে বেশি | বেশি থেকে কম | বেশি থেকে কম |
|---|---|---|---|
| | ০ |  | ১০ |
|  | ১ |  | ৯ |
|  | ২ |  | ৮ |
|  | ৩ |  | ৭ |
|  | ৪ |  | ৬ |
|  | ৫ |  | ৫ |
|  | ৬ |  | ৪ |
|  | ৭ |  | ৩ |
|  | ৮ |  | ২ |
|  | ৯ |  | ১ |
|  | ১০ | | ০ |




ছোট থেকে বড়ো সংখ্যা : ০ ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০

বড়ো থেকে ছোট সংখ্যা : ১০ ৯ ৮ ৭ ৬ ৫ ৪ ৩ ২ ১ ০

২০২৫

সংখ্যার ক্রম অনুযায়ী ডটগুলো যুক্ত করে আকৃতি তৈরি করে রং করি





## সংখ্যাগুলো কোন ক্রমে সাজানো আছে, তা বলি

| | |
|---|---|
| ২, ৩, ৫, ৭, ৮ | কম থেকে বেশি |
| ১০, ৯, ৬, ৫, ৩ | বেশি থেকে কম |
| ১, ৩, ৫, ৭, ৯ | |
| ২, ৪, ৬, ৮, ১০ | |
| ৮, ৬, ৪, ৩, ১ | |
| ০, ২, ৫, ৭, ৯ | |
| ৯, ৭, ৪, ১, ০ | |

## সংখ্যাগুলো ক্রমে সাজাই

| সংখ্যা | কম থেকে বেশি | বেশি থেকে কম |
|---|---|---|
| ৮, ২, ০, ৪, ৭ | ০, ২, ৪, ৭, ৮ | ৮, ৭, ৪, ২, ০ |
| ০, ৩, ৮, ৫, ৪ | | |
| ৯, ২, ০, ৬, ৫ | | |
| ৩, ৫, ৯, ৭, ৪ | | |
| ১০, ৫, ৮, ৩, ৯ | | |
| ৪, ৯, ০, ৬, ২ | | |
| ৬, ৯, ০, ৭, ২ | | |



০ থেকে ১০ পর্যন্ত যেকোনো ৫টি সংখ্যা এলোমেলোভাবে লিখি।


কম থেকে বেশি এবং বেশি থেকে কম সাজাই।




২০২৫

## খালি ঘরে সংখ্যা লিখি

কম থেকে বেশি ক্রমে




বেশি থেকে কম ক্রমে




খালি ঘরে পরের সংখ্যাটি লিখি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | | ৬ | | ৪ | | ৮ | | ৯ | |

খালি ঘরে মাঝের সংখ্যাটি লিখি

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ৩ | ৭ | | ৯ | ৪ | | ৬ | ৫ | | ৭ |

খালি ঘরে আগের সংখ্যাটি লিখি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২ | | ৮ | | ৪ | | ১০ | | ৬ |

১০৬

# যোগের ধারণা


একসাথে কয়টি হবে?

রাতুল ও মিতু শহীদ মিনারে ফুল নিয়ে এসেছে। রাতুল এনেছে ৩টি ফুল, মিতু এনেছে ২টি ফুল। তারা মোট কয়টি ফুল নিয়ে এসেছে?






মোট কতগুলো ফুল আছে তা বের করতে এগুলোকে এক লাইনে সাজাই।






রাতুল ৩টি ফুল এনেছে এবং মিতু ২টি ফুল এনেছে।




আমরা ফুলের পরিবর্তে ব্লক ব্যবহার করতে পারি।








তারা দুজনে মোট ৫টি ফুল এনেছে।



২০১৬




একসাথে কয়টি কলা আছে?





আমরা কলার পরিবর্তে ৩টি ব্লক এবং ১টি ব্লক একসাথে রাখতে পারি।



৩টি ও ১টি একসাথে রাখলে ৪টি হয়। গাণিতিকভাবে আমরা লিখি :

**৩ + ১ = ৪**

আমরা পড়ি: তিন যোগ এক সমান চার

৪টি কলা




+ এটিকে বলে "যোগ" এবং = এটিকে বলে "সমান"। ৩ + ১ = ৪ কে বলা হয় গাণিতিক বাক্য। এই ধরনের হিসাবকে বলা হয় যোগ। যোগ করে যে সংখ্যা পাওয়া যায়, তা হলো যোগফল।



আগের পৃষ্ঠায় ৩টি ফুল এবং ২টি ফুল একসাথে রাখার গল্প ছিল। এর জন্য একটি গাণিতিক বাক্য এবং উত্তর লিখি।


২টি আনারস ও ১টি আনারস রয়েছে। একসাথে কতটি আনারস আছে?






২ + ১ = ☐ ☐ টি আনারস


১টি বিড়াল ও ৪টি বিড়াল। একসাথে কয়টি বিড়াল আছে?





☐ + ☐ = ☐ ☐ টি বিড়াল

৪টি কাঁচা আম ও ৩টি পাকা আম। একসাথে কয়টি আম আছে?






☐ + ☐ = ☐ ☐ টি আম

২০১৮


৩টি লাল বেলুন এবং ৫টি নীল বেলুন। একসাথে কতটি বেলুন আছে?



গাণিতিকভাবে লিখি:

টি বেলুন

ছবিতে ৭ জন মেয়ে ও ২ জন ছেলে আছে। একসাথে কতজন আছে?



গাণিতিকভাবে লিখি:

জন

যোগ করি

| | | | |
|---|---|---|---|
| (১) ১+২ | (২) ৩+১ | (৩) ২+২ | (৪) ২+৩ |
| (৫) ৪+৪ | (৬) ৭+১ | (৭) ২+৫ | (৮) ৬+৩ |
| (৯) ৪+২ | (১০) ৫+৫ | (১১) ১+৮ | (১২) ৩+৪ |

২০২৫

পার্কে পাঁচজন শিশু খেলছে। পরে আরও দুইজন শিশু এলো। এখন পার্কে কতজন শিশু হলো?






একসাথে মোট কতজন শিশু আছে তা বের করতে এদেরকে এক লাইনে সাজাই।


প্রথমে ৫ জন শিশু ছিলো। এরপর, আরও ২ জন শিশু এলো।





আমরা শিশুর পরিবর্তে ব্লক ব্যবহার করতে পারি।





এখন পার্কে মোট ৭ জন শিশু আছে।




৫ এর সাথে ২ যোগ করলে ৭ হয়। এটিকে নিচের মতো লেখা যায়

৫ + ২ = ৭

৭ জন শিশু




প্রথমে ২টি টমেটো ছিল। পরে আরও ৩টি টমেটো দেওয়া হলো। মোট কয়টি টমেটো হলো?



□ + □ = □ □ টি টমেটো




একটি পার্কিংয়ে প্রথমে ২টি গাড়ি ছিল। পরে আরও ২টি গাড়ি এলো। পার্কিংয়ে এখন কয়টি গাড়ি আছে?



□ + □ = □ □ টি গাড়ি




মিনার কাছে প্রথমে ৫টি আম ছিল। এরপর তাকে আরও ৩টি আম দেওয়া হলো। এখন তার কাছে কয়টি আম আছে?




□ + □ = □ □ টি আম

একটি গাছে ২টি পাখি ছিল। কিছু সময় পর গাছে আরও ৭টি পাখি এসে বসলো। গাছে এখন কয়টি পাখি আছে?



টি পাখি

প্রথমে ৪টি বেগুন ছিল। তিষার মা পরে আরও ৬টি বেগুন কিনলেন। এখন কয়টি বেগুন হলো?



টি বেগুন


যোগ করি

| | | | |
|---|---|---|---|
| (ক) ৫+১ | (খ) ১+৩ | (গ) ৩+২ | (ঘ) ৪+৪ |
| (ঙ) ১+২ | (চ) ৭+২ | (ছ) ৩+৪ | (জ) ৪+৫ |
| (ঝ) ৮+২ | (ঞ) ২+৪ | (ট) ৫+৫ | (ঠ) ৩+৬ |

২০২৪


## যোগের গল্প তৈরি করি।

(১) ছোটন ৫+২ এর জন্য নিচের মতো একটি গল্প তৈরি করেছে। খালি ঘর পূরণ করি।




এখানে ☐ টি মুরগি এবং ☐ টি মুরগি আছে। একসাথে ☐ টি মুরগি আছে।

(২) রিমা ৩+৫ এর জন্য নিচের মতো একটি গল্প তৈরি করেছে। খালি ঘর পূরণ করি।



একটি বাগানে প্রথমে ☐ টি ফুল গাছ ছিল। পরে আরও ☐ টি ফুল গাছ লাগানো হলো। এখন বাগানে ☐ টি ফুল গাছ আছে।

৪+২ এর জন্য একটি গল্প তৈরি করো এবং ছবি আঁকো।



২০২৫

## শূন্যের যোগ

একসাথে করলে কয়টি বল হবে?



২ + ০ = □

১ + □ = □

০ + ২ = □

□ + ১ = □

০ + ০ = □

### যোগ করি

| | | |
|---|---|---|
| (১) ৪ + ০ | (২) ৮ + ০ | (৩) ১০ + ০ |
| (৪) ৬ + ০ | (৫) ০ + ৫ | (৬) ০ + ৭ |
| (৭) ০ + ৩ | (৮) ০ + ৯ | (৯) ০ + ০ |

২০২৬



যোগের সংখ্যা কার্ড তৈরি করি এবং সাজাই।

| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১+১ | ১+২ | ১+৩ | ১+৪ | ১+৫ | ১+৬ | ১+৭ | ১+৮ | ১+৯ |
| | ২+১ | ২+২ | ২+৩ | ২+৪ | ২+৫ | ২+৬ | ২+৭ | ২+৮ |
| | | ৩+১ | ৩+২ | ৩+৩ | ৩+৪ | ৩+৫ | ৩+৬ | ৩+৭ |
| | | | ৪+১ | ৪+২ | ৪+৩ | ৪+৪ | ৪+৫ | ৪+৬ |
| | | | | ৫+১ | ৫+২ | ৫+৩ | ৫+৪ | ৫+৫ |
| | | | | | ৬+১ | ৬+২ | ৬+৩ | ৬+৪ |
| | | | | | | ৭+১ | ৭+২ | ৭+৩ |
| | | | | | | | ৮+১ | ৮+২ |
| | | | | | | | | ৯+১ |

**যোগের সংখ্যা কার্ড**

| | |
|---|---|
| ৫+৩ | সামনে |
| ৮ | পেছনে |

(১) যোগের সংখ্যা কার্ড তৈরি করি। উপরের মতো করে একই উত্তরগুলো উপর নিচে এক লাইনে সাজাই।

(২) উপরে নিচে একই লাইনের সংখ্যা কার্ডগুলো দেখি। প্রথম সংখ্যা ও দ্বিতীয় সংখ্যার মধ্যে কী মিল খুঁজে পাই?

(৩) পাশাপাশি একই লাইনের কার্ডগুলোতে কী মিল খুঁজে পাই?

(৪) আর কী কী খুঁজে পাই?

২০২৫

## নিজে করি

১. যোগ করি

| | | | |
|---|---|---|---|
| (ক) ৫ + ৪ | (খ) ১ + ৬ | (গ) ৭ + ৩ | (ঘ) ৪ + ৩ |
| (ঙ) ৫ + ২ | (চ) ২ + ৬ | (ছ) ৩ + ১ | (জ) ২ + ৭ |
| (ঝ) ০ + ০ | (ঞ) ৮ + ১ | (ট) ৪ + ৬ | (ঠ) ৫ + ২ |
| (ড) ৩ + ৩ | (ঢ) ১ + ৭ | (ণ) ৬ + ৩ | (ত) ০ + ১০ |


২. যোগ করি ও দাগ টেনে মিল করি। (একটি করে দেখানো হলো)


| | | | |
|---|---|---|---|
| ৩ + ২ | ৭ | ২ + ৭ | ০ |
| ৫ + ৪ | ৫ | ০ + ১০ | ৫ |
| ১ + ৯ | ৮ | ২ + ২ | ৪ |
| ৬ + ০ | ৯ | ১ + ৪ | ৯ |
| ৪ + ৩ | ১০ | ৪ + ৪ | ১০ |
| ০ + ৮ | ৬ | ০ + ০ | ৮ |


২০২৫


৩। যোগ করি ও খালি ঘর পূরণ করি।




















২০২৫

৪. মিলিদের বাগানে একটি গাছে ৩টি এবং অন্য একটি গাছে ৪টি গোলাপ ফুল ফুটেছে। বাগানে মোট কতগুলো ফুল ফুটেছে?



৫. একটি বাগানে ৫টি প্রজাপতি খেলা করছিল। পরে আরও ৩টি প্রজাপতি সেখানে এলো। এখন বাগানে কয়টি প্রজাপতি হলো?



৬. হিয়ার ৪টি রং পেনসিল আছে। তার ভাই দীপের ৪টি রং পেনসিল আছে। তাদের দুইজনের একসাথে কয়টি রং পেনসিল আছে?

৭. একটি গাছে ৪টি পাখি বসেছিল। পরে আরও ৬টি পাখি এসে বসলো। গাছে এখন কয়টি পাখি হলো?

৮. ৬টি লাল আপেল ও ২টি সবুজ আপেল আছে। একসাথে মোট কয়টি আপেল আছে?

৯. ৫ + ২ = ৭ এর জন্য একটি গল্প তৈরি করি।

১০. খালি ঘর পূরণ করি (কোন দুইটি সংখ্যা যোগ করলে উপরের সংখ্যাটি হবে।)

| | | | |
|---|---|---|---|
| ৮ | ১০ | ১০ | ১০ |
| ৩ ৫ | | | |


| | | | |
|---|---|---|---|
| ৯ | ৭ | ৫ | ৬ |
| | | | |

২০২৬



## ১০ খুঁজে বের করি

পাশাপাশি ও উপর–নিচ দুইটি সংখ্যা যোগ করি। যোগফল ১০ হলে গোল দাগ দিই।





| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ৫ | ১ | ৪ | ৭ | ২ | ৮ | ৩ | ৮ | ২ |
| ৩ | ২ | ৯ | ৬ | ৮ | ৪ | ৫ | ৬ | ৬ | ৫ |
| ৭ | ৭ | ৭ | ৫ | ১ | ৬ | ৯ | ১ | ৩ | ৫ |
| ৬ | ৫ | ৩ | ৮ | ৩ | ৭ | ৫ | ৪ | ৮ | ১ |
| ৩ | ৭ | ৪ | ৯ | ৬ | ২ | ৮ | ৮ | ৮ | ৫ |
| ৯ | ২ | ৬ | ৩ | ৪ | ২ | ৫ | ৬ | ৪ | ৭ |
| ১ | ৪ | ৫ | ৫ | ৩ | ১ | ৪ | ৩ | ৮ | ২ |
| ২ | ৯ | ৩ | ৯ | ১ | ৪ | ৭ | ১ | ৮ | ৭ |
| ৩ | ৭ | ৯ | ৭ | ৫ | ৩ | ৫ | ৮ | ১ | ৯ |
| ৭ | ৪ | ৬ | ৮ | ২ | ৩ | ৭ | ১ | ৪ | ২ |

২০২৫

# বিয়োগের ধারণা

**?** ৫টি পাখি থেকে ২টি উড়ে গেলে কয়টি পাখি থাকে?









পাখি রইল ☐ টি


**?** লিয়ার ৬টি আপেল ছিল। সে ২টি আপেল খেলো। এখন কয়টি আপেল থাকল?




৬টি ছিল

২টি খেলো

থাকল ☐ টি




আমরা লিখি, ৬ − ২ = ৪
আমরা পড়ি, ৬ বিয়োগ ২ সমান ৪
বিয়োগ করে যে সংখ্যা পাওয়া যায়,
তা হলো বিয়োগফল।





২০২৬

নিচের ৭টি বল থেকে কয়েকটি সরিয়ে নিলে কয়টি থাকে তা দেখব



২টি বল সরিয়ে নিই। কয়টি থাকবে?





৭ − ২ = [ ৫ ]

৬টি বল সরিয়ে নিলে কয়টি থাকবে?




[ ] − [ ] = [ ]


১। আর কতভাবে বল সরানো যেতে পারে?


২। ছবি দেখে সংখ্যার বিয়োগ করি


(ক) 

 ☐ – ☐ = ☐

(খ) 

 ☐ – ☐ = ☐

(গ)  ☐ – ☐ = ☐

(ঘ)  ☐ – ☐ = ☐

৩। বিয়োগ করি

(১) ৪ – ১ (২) ৫ – ২ (৩) ৭ – ৫ (৪) ৬ – ২

(৫) ৯ – ৫ (৬) ৮ – ৭ (৭) ৯ – ২ (৮) ৮ – ৫

২০২৫


? ছবিতে বেলুন বেশি নাকি শিশু বেশি?










আমরা লিখি, ৭ − ৫ = ২
আমরা পড়ি, ৭ বিয়োগ ৫ সমান ২

১০৫

## কতটি ফুল বেশি?




রাফির ৬টি ফুল এবং তুলির ৩টি ফুল

[৬-৩=৩] ফুল বেশি আছে


রাফির [৩] টি ফুল বেশি আছে

১। কয়টি কবুতর বেশি?



☐ - ☐ = ☐

২। ফুটবলের চেয়ে কয়টি বেলুন বেশি?



☐ - ☐ = ☐


৩। কেক থেকে থালা কয়টি বেশি?



☐ - ☐ = ☐


## বই ও পেনসিলের সংখ্যার মধ্যে পার্থক্য কত?






☐ – ☐ = ☐ ☐ টি পেনসিল বেশি

৪। বালক ও বালিকার সংখ্যার পার্থক্য কত?




বালকের থেকে বালিকা ☐ বেশি

৫। রিমির ৯টি বেলুন আছে। রাজুর ৫টি বেলুন আছে। রিমির কয়টি বেলুন বেশি আছে?




☐ – ☐ = ☐ ☐ টি বেলুন

৫ − ৩ বিয়োগটি ছবির মাধ্যমে প্রকাশ করি



১। ○ চিহ্নের ভিতর ⊗ ছবি কেটে বিয়োগ করি (একটি করে দেখানো হলো)

○○○○○⊗⊗⊗
৮ − ৩ = ☐

○○○○○○○○○
৯ − ৬ = ☐

○○○○○○
৬ − ২ = ☐

○○○○○○○
৭ − ১ = ☐

○○○○○
৫ − ৩ = ☐

○○○○○○○○
৮ − ৭ = ☐

২। ৭−৩ বিয়োগটি ছবির মাধ্যমে প্রকাশ করি

৬ − ৪ এর জন্য একটি বিয়োগের গল্প তৈরি করো



আমার গল্পটি হলো
মিনার ৬টি এবং রাজুর ৪টি রং পেনসিল ছিল। রাজুর চেয়ে মিনার রং পেনসিল কয়টি বেশি?
এবার তোমার গল্পটি বলো...

২০২৬

# ০ (শূন্য) এর বিয়োগ

একটি প্লেটে ৪টি চকলেট আছে। রাফি চকলেটগুলো খাবে।





৪টি খেলে থাকবে ...

৪ − ৪ = ০

৩টি খেলে থাকবে ...




৪ − ৩ = ১

২টি খেলে থাকবে ...



৪ − ২ = ২

১টি খেলে থাকবে ...



৪ − ১ = ৩

০টি খেলে থাকবে ...




৪ − ০ = ৪

বিয়োগ করি


| | | | | |
|---|---|---|---|---|
| ৫ − ৫ | ৯ − ৯ | ৬ − ০ | ৮ − ০ | ০ − ০ |

খালি ঘরে সংখ্যা লিখি

৮ − ☐ = ৫




৬ − ২ = ☐




খালি ঘরে সংখ্যা বসাই


১। ৪ − ☐ = ১




২। ৬ − ☐ = ৪




৩। ৯ − ☐ = ৬



৪। ৭ − ৪ = ☐




৫। ১০ − ২ = ☐



ছবি দেখে বিয়োগ করি

(১)



৭ − ১ = ৬

৭ − ২ = ৫

☐ − ☐ = ☐

☐ − ☐ = ☐


☐ − ☐ = ☐


☐ − ☐ = ☐


☐ − ☐ = ☐


২০২৫

বিয়োগ করি ও খালি ঘর পূরণ করি




১। নিধির ৮টি খেলনা ছিল। সে তার ভাইকে ৫টি খেলনা দিল। এখন তার কাছে কয়টি খেলনা রইল?

২। একটি গাছের ডালে ৭টি পাখি বসেছিল। পরে ৪টি পাখি উড়ে গেল। গাছে কয়টি পাখি থাকল?

৩। ঝুমার ৮টি কাগজের পাতা ছিল। সে ৩টি পাতায় লিখে ফেলল। তার কয়টি কাগজের পাতা লেখার বাকি রইল?


৪। একটি শ্রেণিকক্ষে ৯ জন ছাত্র-ছাত্রী বসে আছে। তাদের মধ্যে ৫ জন ছাত্রী। শ্রেণিকক্ষে কয়জন ছাত্র আছে?

৫। মেহজাবিন বাগান থেকে ১০টি ফুল তুলল। সে তার ভাইকে ৫টি ফুল দিল। তার কাছে কয়টি ফুল রইল?

৬। রাহাত ৯টি মাছ ধরেছে এবং আবিদ ৫টি মাছ ধরেছে। আবিদ কয়টি মাছ কম ধরেছে?

৭। ১০−৩ বিয়োগটি ছবির মাধ্যমে প্রকাশ করো।

৮। ৯ − ৪ এর জন্য একটি গল্প তৈরি করো




নিচের কার্ড ৩টি থেকে ২টি করে নিয়ে বিয়োগ তৈরি করো

২ ৫ ৮

৫ − ২ = ☐ ☐ − ☐ = ☐

☐ − ☐ = ☐

নিচের কার্ড ব্যবহার করে বিয়োগ তৈরি করো (২টি করে কার্ড নিয়ে)











৫ ৭ ৯ ৪ ৭ ১০

ইচ্ছেমত সংখ্যা বসিয়ে বিয়োগ তৈরি করি ও বিয়োগ করি

☐ − ☐ = ☐ | ☐ − ☐ = ☐










☐ − ☐ = ☐ | ☐ − ☐ = ☐

# সংখ্যা : ১১ থেকে ২০


| গণনা করি | দশের সাহায্যে গণনা করি | দশের সাহায্যে পড়ি | সংখ্যা পড়ি | সংখ্যা লিখি | |
|---|---|---|---|---|---|
|  |  | ১ দশ ১ | ১১<br>এগারো | ১১ | ১১ |
|  |  | ১ দশ ২ | ১২<br>বারো | ১২ | ১২ |
|  |  | ১ দশ ৩ | ১৩<br>তেরো | ১৩ | ১৩ |
|  |  | ১ দশ ৪ | ১৪<br>চৌদ্দ | ১৪ | ১৪ |
|  |  | ১ দশ ৫ | ১৫<br>পনেরো | ১৫ | ১৫ |

১০৫

## সংখ্যা : ১১ থেকে ২০

| গণনা করি | দশের সাহায্যে গণনা করি | দশের সাহায্যে পড়ি | সংখ্যা পড়ি | সংখ্যা লিখি | |
|---|---|---|---|---|---|
|  |  | ১ দশ ৬ | ১৬ যোলো | ১৬ | ১৬ |
|  |  | ১ দশ ৭ | ১৭ সতেরো | ১৭ | ১৭ |
|  |  | ১ দশ ৮ | ১৮ আঠারো | ১৮ | ১৮ |
|  |  | ১ দশ ৯ | ১৯ উনিশ | ১৯ | ১৯ |
|  |  | ২ দশ | ২০ বিশ | ২০ | ২০ |

দশের গুচ্ছ তৈরি করে গণনা করি ও খালি ঘরে সংখ্যা লিখি।




তোমার বাড়ি বা বিদ্যালয়ের বিভিন্ন জিনিস গণনা করে বলো (২০ পর্যন্ত)

## সংখ্যা পড়ি (১ থেকে ২০)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |


## খালি ঘরে সংখ্যা লিখি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ৩ | | | ৬ | | ৮ | | ১০ |
| ১১ | | | ১৪ | | | ১৭ | | | ২০ |

২০২৫

সংখ্যার ক্রম অনুযায়ী ডটগুলো দাগ টেনে যুক্ত করি ও রং করি
(ছোট থেকে বড়ো অথবা বড়ো থেকে ছোট)








২০২৫

# যোগ (১১ থেকে ২০)

মিঠুর ১২টি পেনসিল ছিল। বাবা তাকে আরও ৪টি পেনসিল দিলেন। মিঠুর কতটি পেনসিল হলো?







১২+৪= ☐

১ যোগ করি

| | | |
|---|---|---|
| (১) ১২ + ২ | (২) ১২ + ৫ | (৩) ১২ + ৭ |
| (৪) ১১ + ১ | (৫) ১৪ + ৩ | (৬) ১৫ + ১ |
| (৭) ৬ + ১২ | (৮) ১ + ১৮ | (৯) ৩ + ১৪ |
| (১০) ১০ + ৪ | (১১) ১০ + ৮ | (১২) ৫ + ১০ |

২ মাইশার জন্মদিনে তাদের বাড়িতে ১৩ জন বন্ধু এবং ৫ জন আত্মীয় এসেছিল। জন্মদিনে তাদের বাড়িতে মোট কতজন অতিথি এসেছিল?

৩ ঝড়ে অপুদের বাড়িতে আম গাছ থেকে আম পড়ল। অপু ৬টি আম এবং তার বোন ১১টি আম কুড়িয়ে পেল। তারা একত্রে কতগুলো আম পেল?

৪ ছবি আঁকার জন্য রফিকের ১০টি রং পেনসিল ছিল। সে দোকান থেকে আরও ৯টি রং পেনসিল কিনল। তার কতগুলো রং পেনসিল হলো?

১০৮

## যোগ

বড় গাছে ৯টি আম ও ছোট গাছে ৪টি আম আছে।




একত্রে কতগুলো আম আছে?

গাণিতিক বাক্য [ ]




মোট কতগুলো আম আছে। কীভাবে হিসাব করতে হবে, চিন্তা করো।



দেখে মনে হচ্ছে এখানে ১০টির বেশি আম আছে।

১০ এর দল তৈরি করে আমরা সহজে হিসাব করতে পারি।








আমের বদলে ব্লক ব্যবহার করো। কীভাবে ৯ + ৪ হিসাব করা যায় তা চিন্তা করো।


২০২৫




☐ টি আম


## কীভাবে ৯ + ৪ হিসাব করি

(১) ৯ কে ১০ বানাতে আর ১ প্রয়োজন।
(২) ৪ কে ভেঙে ১ ও ৩ করি।
(৩) ৯ এর সাথে ৪ হতে ১ নিয়ে ১০ তৈরি করি।
(৪) ১০ ও ৩ নিয়ে ১৩ হয়।







তুমি কীভাবে ৮ + ৩ হিসাব করবে?




(১) ৮ কে ১০ বানাতে ____ প্রয়োজন।
(২) ৩ কে ভেঙে ____ এবং ____ করা যায়।
(৩) ৮ এর সাথে ৩ হতে ____ নিয়ে ১০ করা যায়।
(৪) ১০ ও ____ নিয়ে ____ হয়।



## কীভাবে ৮ + ৫ হিসাব করি?

১০ বানাতে আর কত প্রয়োজন?




৮ + ৫ = ☐

পাশের নকশার ফাঁকা ঘর পূরণ করে ৭ + ৬ এবং ৬ + ৫ কী–ভাবে হিসাব করবে তা ব্যাখ্যা করো।

৭ + ৬ = ☐

৬ + ৫ = ☐

### যোগ করি


(১) ৭ + ৫ = ☐  (২) ৭ + ৪ = ☐  (৩) ৯ + ৮ = ☐

### যোগ করি


| | | | |
|---|---|---|---|
| (১) ৯ + ৩ | (২) ৮ + ৪ | (৩) ৭ + ৭ | (৪) ৯ + ৫ |
| (৫) ৯ + ২ | (৬) ৮ + ৬ | (৭) ৯ + ৪ | (৮) ৯ + ৭ |
| (৯) ৯ + ৬ | (১০) ৮ + ৮ | (১১) ৯ + ৯ | (১২) ৮ + ৭ |

২০২৫


একসাথে কতটি আম আছে? কীভাবে হিসাব করব চিন্তা করি।



**তুলির ধারণা**




**রাফির ধারণা**




৪ + ৯ = ☐  ☐ টি আম

৪ + ৯ গণনার ক্ষেত্রে রাফির নিয়মটি ব্যাখ্যা করো।

(১) ৯ কে ১০ বানাতে ____ প্রয়োজন।

(২) ৪ কে ভেঙে ____ এবং ____ করা যায়।

(৩) ৯ এর সাথে ৪ হতে ____ নিয়ে ১০ করা যায়।

(৪) ১০ ও ____ নিয়ে ____ হয়।






২০২৫

প্রথম সংখ্যাটিকে দুইটি সংখ্যায় ভেঙে লিখি। ৩ + ৮ কীভাবে হিসাব করতে হয় তা ব্যাখ্যা করি।

(১) ৮ কে ১০ বানাতে ____ প্রয়োজন।
(২) ৩ কে ভেঙে ____ এবং ____ করা যায়।
(৩) ৮ এর সাথে ৩ হতে ____ নিয়ে ১০ করা যায়।
(৪) ১০ ও ____ নিয়ে ____ হয়।

৩ + ৮ =

## যোগ করি

(১) ২ + ৯ =
১ ১

(২) ৫ + ৭ =

(৩) ৭ + ৯ =

(৪) ৫ + ৮ =

## সহজ উপায় ব্যবহার করে যোগ করি

(১) ৪ + ৭　(২) ৬ + ৯　(৩) ৪ + ৮　(৪) ৯ + ২

(৫) ৩ + ৯　(৬) ৯ + ৭　(৭) ৫ + ৯　(৮) ৬ + ৭

(৯) ৭ + ৮　(১০) ৬ + ৮　(১১) ৮ + ৫　(১২) ৮ + ৪

২০২৫

## নিজে করি

১. যোগ করি

| | | | |
|---|---|---|---|
| (১) ৯ + ৮ | (২) ৫ + ৬ | (৩) ৪ + ৯ | (৪) ৭ + ৫ |
| (৫) ৮ + ৮ | (৬) ৬ + ৭ | (৭) ৯ + ৯ | (৮) ৯ + ২ |
| (৯) ৮ + ৬ | (১০) ৭ + ৯ | (১১) ৩ + ৯ | (১২) ৭ + ৭ |

২. বিদ্যালয়ের মাঠের এক পাশে ৭ জন শিশু খেলা করছে। অপর পাশে ৬ জন শিশু খেলা করছে। মাঠে মোট কতজন শিশু খেলা করছে?

৩. একটি কাঁদিতে ৮টি এবং অপর একটি কাঁদিতে ৭টি কলা আছে। দুইটি কাঁদিতে মোট কয়টি কলা আছে?

৪. রিয়ার ৪টি রং পেনসিল ছিল। তার বাবা তাকে আরও ৮টি রং পেনসিল কিনে দিলেন। তার মোট কয়টি রং পেনসিল হলো?

৫. লিসার কাছে প্রথমে ৭টি চকলেট ছিল। যদি তাকে আরও ৯টি চকলেট দেওয়া হয়, তাহলে তার কয়টি চকলেট হবে?

৬. ৫ + ৭ এর জন্য একটি গল্প তৈরি করো।

৭. যে দুইটির যোগফল একই সেগুলো দাগ টেনে মিল করি।

| | | | |
|---|---|---|---|
| ৫ + ৯ | ৯ + ৯ | ৪ +৭ | ৭ + ৫ |
| ৮ + ৩ | ৬ + ৬ | ৩ + ১১ | ১০ + ৮ |

যে দুইটি সংখ্যার যোগফল ১৫ তার পাশে ● চিহ্ন দিই

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৭ + ৯ | | ৯ + ৬ | | ৫ + ৭ | | ৯ + ২ | |
| ৭ + ৪ | | ৯ + ৫ | | ৩ + ৯ | | ৬ + ৮ | |
| ৭ + ৮ | | ৮ + ৮ | | ২ + ৯ | | ৮ + ৪ | |
| ৫ + ৯ | | ৩ + ৮ | | ৬ + ৭ | | ৯ + ৩ | |
| ৫ + ৮ | | ৯ + ৭ | | ৬ + ৯ | | ৮ + ৩ | |
| ৭ + ৭ | | ৪ + ৮ | | ৬ + ৫ | | ৭ + ৫ | |
| ৯ + ৪ | | ৮ + ৯ | | ৮ + ৭ | | ৯ + ৯ | |
| ৪ + ৭ | | ৬ + ৬ | | ৮ + ৫ | | ৯ + ৮ | |

পাশাপাশি দুইটি সংখ্যা যোগ করে উপরের ঘরে উত্তর লিখি (একটি করে দেখানো হলো)

(১)
(ক) ১১ — ৪ ৭
(খ) ☐ — ৮ ৪
(গ) ☐ — ৭ ৬
(ঘ) ☐ — ৮ ৯


(২)
(ক) ☐ — ☐ ☐ — ৪ ২ ৩
(খ) ☐ — ☐ ☐ — ২ ৩ ৪
(গ) ☐ — ☐ ☐ — ৩ ৪ ৫

(৩)
(ক) ☐ — ☐ ☐ — ৬ ৪ ৫
(খ) ☐ — ☐ ☐ — ৩ ২ ৫
(গ) ☐ — ☐ ☐ — ৬ ৩ ৫

২০২৫

# বিয়োগ (১১ থেকে ২০)

একটি বিদ্যালয়ের আলমারিতে ১৪টি বল আছে। শিশুরা সেখান থেকে ৪টি বল নিয়ে খেলছে। আলমারিতে আর কয়টি বল আছে?



১৪ − ৪ = ১০



একটি প্যাকেটে ১৭টি চকলেট ছিল। হিয়া ও সামি সেখান থেকে ১০টি চকলেট খেয়েছে। এখন কতগুলো চকলেট রইল?



১৭ − ১০ = ☐

১। বিয়োগ করি

(১) ১২ − ২ (২) ১৫ − ৫ (৩) ১৮ − ৮

(৪) ১৩ − ১০ (৫) ১৬ − ১০ (৬) ১৯ − ১০


২। করিমের ১৬টি বেলুন ছিল। সে ৬টি বেলুন বীথিকে দিল। করিমের কাছে কয়টি বেলুন রইল?

৩। রাজু দোকান থেকে ১৯টি চকলেট কিনল। এর থেকে ৯টি চকলেট তার বোনকে দিল। তার কাছে কয়টি চকলেট রইল?


৪। দিতির ১৫টি রং পেনসিল ছিল। সে ৫টি রং পেনসিল তার ছোট ভাইকে দিল। তার কাছে কয়টি রং পেনসিল রইল?

৫। একটি শ্রেণিতে ১৮ জন ছাত্র-ছাত্রী আছে। এদের মধ্যে ১০ জন ছাত্রী। শ্রেণিতে কতজন ছাত্র আছে?

**একটি দোকানে ১৩টি খেলনা গাড়ি ছিল। এর মধ্যে ৯টি বিক্রি হয়েছে। দোকানে কয়টি খেলনা গাড়ি রইল?**



☐ – ☐ =




১৩ – ৯ = ☐

১। বিয়োগ করি

| | | |
|---|---|---|
| (১) ১৪ – ৬ | (২) ১৪ – ৯ | (৩) ১৫ – ৬ |
| (৪) ১৫ – ৯ | (৫) ১১ – ৮ | (৬) ১১ – ৫ |
| (৭) ১২ – ৭ | (৮) ১২ – ৫ | (৯) ১৩ – ৯ |
| (১০) ১৩ – ৫ | (১১) ১৬ – ৭ | (১২) ১৬ – ৮ |

২০২৫

## ২। খালি ঘরে সংখ্যা বসাই

(১) ১৭ – ৩ = ☐ (২) ১০ – ২ = ☐

(৩) ১৬ – ☐ = ১২ (৪) ১৯ – ☐ = ১৩

৩। রিয়ার মা ১৩টি পেয়ারা থেকে ৪টি রিয়াকে দিল। মায়ের কাছে কয়টি পেয়ারা রইল?

৪। মিলির ১৪টি চকলেট আছে। এর থেকে ৮টি তার ছোট ভাইকে দিল। তার কাছে কয়টি চকলেট রইল?

৫। রাজু ১৫টি ডিম ও ৯টি কলা কিনল। কলা থেকে ডিম সে কয়টি বেশি কিনল?

৬। বিজয়ের কাছে ১৯টি ও অনিতার কাছে ৮টি রং পেনসিল আছে। বিজয়ের কাছে কয়টি বেশি আছে?





















৭। '১৫ – ৭' ছবির মাধ্যমে প্রকাশ করো।

৮। '১৩ – ৬' এর জন্য একটি গল্প তৈরি করো।





















নিচের যে দুইটি সংখ্যা বিয়োগ করলে ১২ হয়, তাদের পাশে গোল দাগ (O) দিই

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩ – ২ | | ১৬ – ৩ | | ১৫ – ৩ | | ১৩ – ৪ | |
| ১৫ – ৪ | | ১৭ – ৫ | | ১৪ – ৩ | | ১৬ – ১ | |
| ১৮ – ৮ | | ১৬ – ৫ | | ১৯ – ৭ | | ১৪ – ৪ | |
| ১৭ – ৪ | | ১৫ – ২ | | ১৬ – ২ | | ১৮ – ৬ | |

# সংখ্যা (২১ থেকে ৪০)


| গণনা করি | দশের সাহায্যে গণনা করি | দশের সাহায্যে পড়ি | সংখ্যা পড়ি | সংখ্যা লিখি | |
|---|---|---|---|---|---|
|  |  | ২ দশ ১ | ২১ একুশ | ২১ | ২১ |
|  |  | ২ দশ ২ | ২২ বাইশ | | |
|  |  | ২ দশ ৩ | ২৩ তেইশ | | |
|  |  | ২ দশ ৪ | ২৪ চব্বিশ | | |
|  |  | ২ দশ ৫ | ২৫ পঁচিশ | | |
|  |  | ২ দশ ৬ | ২৬ ছাব্বিশ | | |
|  |  | ২ দশ ৭ | ২৭ সাতাশ | | |
|  |  | ২ দশ ৮ | ২৮ আটাশ | | |
|  |  | ২ দশ ৯ | ২৯ উনত্রিশ | | |
|  |  | ৩ দশ | ৩০ ত্রিশ | | |

## সংখ্যা : ৩১ থেকে ৪০ পর্যন্ত

| গণনা করি | দশের সাহায্যে গণনা করি | দশের সাহায্যে পড়ি | সংখ্যা পড়ি | সংখ্যা লিখি | |
|---|---|---|---|---|---|
|  |  | ৩ দশ ১ | ৩১ একত্রিশ | ৩১ | ৩১ |
|  |  | ৩ দশ ২ | ৩২ বত্রিশ | | |
|  |  | ৩ দশ ৩ | ৩৩ তেত্রিশ | | |
|  |  | ৩ দশ ৪ | ৩৪ চৌত্রিশ | | |
|  |  | ৩ দশ ৫ | ৩৫ পঁয়ত্রিশ | | |
|  |  | ৩ দশ ৬ | ৩৬ ছত্রিশ | | |
|  |  | ৩ দশ ৭ | ৩৭ সাঁইত্রিশ | | |
|  |  | ৩ দশ ৮ | ৩৮ আটত্রিশ | | |
|  |  | ৩ দশ ৯ | ৩৯ উনচল্লিশ | | |
|  |  | ৪ দশ | ৪০ চল্লিশ | | |

২০২৫

দশের গুচ্ছ তৈরি করে গণনা করি ও খালি ঘরে সংখ্যা লিখি।






তোমার বাড়িতে, শ্রেণিকক্ষে, বিদ্যালয়ের বিভিন্ন জিনিস ৪০টির মধ্যে থাকলে তা গণনা করো ও বলো।

২০২৫

## সংখ্যা কথায় লেখা (১ থেকে ১০)

| গণনা করি | পড়ি | কথায় লিখি | |
|---|---|---|---|
|  | ১ | এক | এক |
|  | ২ | দুই | দুই |
|  | ৩ | তিন | তিন |
|  | ৪ | চার | চার |
|  | ৫ | পাঁচ | পাঁচ |
|  | ৬ | ছয় | ছয় |
|  | ৭ | সাত | সাত |
|  | ৮ | আট | আট |
|  | ৯ | নয় | নয় |
|  | ১০ | দশ | দশ |

অঙ্কে লেখা সংখ্যার সাথে কথায় লেখা সংখ্যা দাগ টেনে মিল করি


| সংখ্যা অঙ্কে | সংখ্যা কথায় | সংখ্যা অঙ্কে | সংখ্যা কথায় |
|---|---|---|---|
| ২ | এক | ৩ | নয় |
| ৫ | চার | ৯ | আট |
| ১ | দুই | ৬ | দশ |
| ৪ | সাত | ১০ | তিন |
| ৭ | পাঁচ | ৮ | ছয় |

সংখ্যা কথায় লিখি

| | | | |
|---|---|---|---|
| ৩ | ______ | ১ | ______ |
| ৭ | ______ | ৬ | ______ |
| ২ | ______ | ১০ | ______ |
| ৫ | ______ | ৯ | ______ |
| ৮ | ______ | ৪ | ______ |

২০২৪

# স্থানীয় মান




ছবির ফুল ও আম গণনা করি?



কতগুলো গণনা করেছি মনে নেই।



১০ এর দল গঠন করে গণনা করলে কেমন হয়?




ফুল গণনা করে ১০ এর দুইটি দল ও ৪টি পেয়েছি।

আম গণনা করে দশের তিনটি দল পেয়েছি।

কতগুলো ফুল ও আম আছে তা সংখ্যায় লিখি।


**ফুল**



| দশক | একক |
|---|---|
| ২ | ৪ |

এখানে ২টি দশের ও ৪টি একের ব্লক আছে। দশকের স্থানে আমরা ২ লিখি এবং এককের স্থানে ৪ লিখি। সংখ্যাটি হলো ২ দশ ৪ অর্থাৎ ২৪।


**আম**




| দশক | একক |
|---|---|
| ৩ | ০ |

এখানে ৩ টি দশের ও ০ টি একের ব্লক আছে। তাই দশকের স্থানে ৩ এবং এককের স্থানে ০ লিখি। সংখ্যাটি হলো ৩ দশ অর্থাৎ ৩০।

সংখ্যায় লেখো



| দশক | একক |
|---|---|
| | |



| দশক | একক |
|---|---|
| | |

স্থানীয় মান ব্যবহার করে সংখ্যায় লেখো।

(১)



(২)



(৩)



| দশক | একক |
|---|---|
| ২ | ৪ |

২৪ টি প্রজাপতি

| দশক | একক |
|---|---|
| | |


☐ টি পেনসিল

| দশক | একক |
|---|---|
| | |

☐ টি আপেল

২১ ও ৩৬ এর জন্য ছকে ব্লক আঁকি

(১)



| দশক | একক |
|---|---|
| ২ | ১ |

(২)

| দশক | একক |
|---|---|
| ৩ | ৬ |

খালি ঘরে সংখ্যা লেখো।


(১) দশক ২৪ একক → ২০, ☐

(২) ৩৭ → ☐, ৭

দশকের ঘরে যে সংখ্যা বসে ততটি দশ প্রকাশ করে।
দশকের ঘরে ১ = ১ দশ = ১০
দশকের ঘরে ২ = ২ দশ = ২০
দশকের ঘরে ৩ = ৩ দশ = ৩০

২০২৫

## সংখ্যার তুলনা







দুইটি সংখ্যা তুলনা করে বেশি–কম বা কম–বেশি সংখ্যা লিখি

| সংখ্যা | বেশি–কম | সংখ্যা | বেশি–কম |
|---|---|---|---|
| ১১, ১৩ | ১৩ বেশি, ১১ কম | ২৬, ২৫ | __ কম, __ বেশি |
| ১৪, ১৬ | __ বেশি, __ কম | ৩৮, ৩৯ | __ কম, __ বেশি |
| ১৮, ১৭ | __ বেশি, __ কম | ২১, ২৪ | __ কম, __ বেশি |
| ১৯, ২৫ | __ বেশি, __ কম | ১৫, ১৩ | __ কম, __ বেশি |
| ২২, ২৫ | __ বেশি, __ কম | ৩২, ৩৭ | __ কম, __ বেশি |

বড়ো সংখ্যাতে গোল (O) দাগ দিই (একটি করে দেখানো হলো)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | (১৬) | ২৮ | ২৫ | ১৭ | ১৯ | ৩২ | ৩৩ | ২৪ | ২১ |
| ২৫ | ২২ | ৩৪ | ২৯ | ২১ | ১৮ | ২৯ | ২৬ | ৩৫ | ৩৯ |

ছোট সংখ্যাতে টিক চিহ্ন (✓) দিই

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | ১৫ | ১৮ | ১৬ | ২৪ | ২৯ | ৩৭ | ৩২ | ৩৩ | ৩০ |

সংখ্যা ক্রম অনুসারে সংখ্যা সাজাই

| সংখ্যা | কম থেকে বেশি | বেশি থেকে কম |
|---|---|---|
| ১২, ২৫, ১৮, ২৭, ২১ | | |
| ৩৩, ১৯, ৩৪, ৩১, ২৮ | | |
| ২৪, ৩৬, ১৯, ২৯, ২০ | | |
| ২৬, ২১, ৩০, ৩৭, ১৫ | | |

২০২৫

# নিজে করি

১। খালি ঘরে সংখ্যা লিখি

**কম থেকে বেশি**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৭ → | → | ১৯ → | → | → | ২২ → | ↓ |
| ↓ ← | ২৯ ← | ← | ২৭ ← | ← | ← | ২৪ |
| ৩১ → | → | ৩৩ → | → | ৩৫ | | |

**বেশি থেকে কম**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৮ → | → | ৩৬ → | → | ৩৪ → | → | → | ৩১ ↓ |
| ২৩ ↓ ← | ← | ← | ২৬ ← | ← | ← | ২৯ ← | |
| → | ২১ → | → | ১৯ | | | | |

২। মাঝের সংখ্যাটি লিখি

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | | ১৫ | ২৩ | | ২৫ | ৩২ | | ৩৪ | ৩৮ | | ৪০ |

৩। পরের সংখ্যাটি লিখি


| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | | ১৮ | | ২৪ | | ২৮ | | ৩৫ | | ৩৮ | |

৪। আগের সংখ্যাটি লিখি

২০২৫

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১২ | | ১৯ | | ২৮ | | ৩১ | | ৩৯ | | ৩০ | | ৩৭ | | ৪০ |

৫। দাগ টেনে মিল করি




৬। দশের সাহায্যে পড়ি ও খালি ঘরে সংখ্যা লিখি

| | | | |
|---|---|---|---|
| ১ দশ ২ = | ১২ | ২ দশ ২ = | |
| ১ দশ ৭ = | | ৩ দশ ১ = | |
| ২ দশ ৩ = | | ৪ দশ = | |
| ২ দশ ৯ = | | ৩ দশ ৬ = | |
| ৩ দশ ৫ = | | ২ দশ = | |

৭। সংখ্যা পড়ি ও দশের সাহায্যে লিখি

| সংখ্যা | দশের সাহায্যে লিখি | সংখ্যা | দশের সাহায্যে লিখি |
|---|---|---|---|
| ১৫ | ____ দশ ____ | ২১ | ____ দশ ____ |
| ১৯ | ____ দশ ____ | ৩৫ | ____ দশ ____ |
| ২৩ | ____ দশ ____ | ৩৯ | ____ দশ ____ |
| ৩২ | ____ দশ ____ | ২৯ | ____ দশ ____ |
| ২৮ | ____ দশ ____ | ৪০ | ____ দশ |

৮। ২১ থেকে ৪০ পর্যন্ত সংখ্যাগুলো গণনা করি ও অঙ্কে লিখি।


৯। সংখ্যা কথায় লিখি


(১) ৩ (২) ৫ (৩) ৮ (৪) ৯ (৫) ১০

১০। সংখ্যার ক্রম অনুসারে ছোট থেকে বড় ও বড় থেকে ছোট সংখ্যা সাজাই।

| সংখ্যা | ছোট থেকে বড় | বড় থেকে ছোট |
|---|---|---|
| ১৫, ১২, ১৮, ১৭, ১৩ | | |
| ১৪, ২৯, ১৭, ৩১, ২০ | | |
| ২১, ১৫, ২০, ১৮, ২৪ | | |
| ৩৯, ২৭, ১৭, ২৫, ১৪ | | |
| ১৬, ২২, ৩৪, ২৮, ৪০ | | |

১১। নিচের রেখায় সংখ্যা খুঁজি ও বলি।







**খালি ঘরে সংখ্যা লিখি**

(১) ৬ থেকে ১ বেশি ☐

(২) ৭ থেকে ২ কম ☐

(৩) ২ থেকে ৪ বেশি ☐

(৪) ৮ থেকে ৫ বেশি ☐

(৫) ১০ থেকে ৩ বেশি ☐

(৬) ১৬ থেকে ৩ কম ☐

(৭) ১৮ থেকে ২ কম ☐

(৮) ১৯ থেকে ৪ কম ☐

(৯) ১৭ থেকে ৩ বেশি ☐

(১০) ১৫ থেকে ৪ কম ☐

# জ্যামিতি

কী কী আকৃতির বস্তু রয়েছে?





















হোয়াইট বোর্ড, বই, গ্লাস, ........, ........, ........, ........,

ছবির বস্তুগুলোর কোনটি কী আকৃতির?

| বস্তুর নাম | আকৃতির নাম |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |


নিচের বস্তুগুলো ব্যবহার করে ছবি আঁকি








নিচের ছবিতে কী কী আকৃতি আছে খুঁজে বের করো



২০২৬











আকৃতিগুলো কী ধরনের?



লাল রঙ করা আকৃতি দাগ টেনে মিল করি

গোল আকৃতি


তিনকোনা আকৃতি

চারকোনা আকৃতি



গোল, তিনকোনা ও চারকোনা আকৃতির ব্যবহার করে বিভিন্ন আকৃতি তৈরি করি।



তোমার ইচ্ছেমত আকৃতি তৈরি করো

# প্যাটার্ন

এর পরে কী হবে?



ছবিতে তোমরা কী দেখতে পাচ্ছো?

ব্যাট ও বলের ছবি

ছবিতে আমি এক ধরনের মিল দেখতে পাচ্ছি।

ছবিতে আমি ব্যাট, তারপরে বল এই ধরনের সাজানো দেখছি।

এখানে কী মিল আছে?

■ ▲ ■ ▲ ■


ছবিতে একটি চারকোনা একটি তিনকোনা সাজানো আছে।

তাহলে এর পরে কী হবে?

■ ▲ ■ ▲ ■ ____

১০৮

এর পরে কী হবে?

 ______

এখানেও একটি মিল দেখতে পাচ্ছি।

২টি পাতা এরপর একটি ফুল

এ রকম মিল রেখে সাজানোকে বলে প্যাটার্ন।

তুমি আর কী কী দিয়ে এমন প্যাটার্ন বানাতে পারবে?

আমি ক, খ দিয়ে একটি প্যাটার্ন বানিয়েছি।

ক, খ, ক, খ, ক, খ

নিজের মতো কয়েকটি প্যাটার্ন বানিয়ে খালি ঘরে লেখো।

২০২৫

এরপর কোন ফুল হবে?






উপরের ছবিতে জবা তারপরে শিউলি ফুল দিয়ে সাজানো হয়েছে।

অর্থাৎ জবা–শিউলি, জবা–শিউলি ... এরকম সাজানোয় একটি প্যাটার্ন তৈরি হয়েছে। অনেকটা ক, খ, ক, খ ... ... প্যাটার্নটির মতো।





জবা ফুলের পাপড়ির সংখ্যা ৫ আর শিউলি ফুলের পাপড়ির সংখ্যা ৬

ফুলের মতোই এখানে একটি সংখ্যার প্যাটার্ন তৈরি করা যায়।



| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | ৬ | ৫ | ৬ | ৫ | ... |


নিজে নিজে সংখ্যার কিছু নতুন প্যাটার্ন তৈরি করি।

আমি সংখ্যা দিয়ে একটি প্যাটার্ন বানিয়েছি।



১ ২ ১ ২ ১ ২ ১ ২

নিচের আকৃতি ব্যবহার করে প্যাটার্ন তৈরি করি এবং বলি।



উপরের আকৃতিগুলো ব্যবহার করে তোমার ইচ্ছেমত প্যাটার্ন তৈরি করো।

আমাদের চারপাশ থেকে এরকম আরো প্যাটার্ন খুঁজে বের করি।



রাস্তায় আমি চারকোনা সাদা কালো এমন প্যাটার্ন দেখেছি।




ওটা জেব্রা ক্রসিং। এর উপর দিয়ে মানুষ রাস্তা পার হয়।



এরপর কী হবে?

(১)  ______

(২)  ______

এরপর কী হবে?

(১) ক খ ক খ ক খ ক ------

(২) গ ঘ গ ঘ গ ঘ গ ঘ গ ঘ ----

(৩) E F G E F G E F ------ E F G

খালি ঘরে কোন সংখ্যা হবে?

(১) ১ ২ ১ ২ ১ ২ ১ ◌

(২) ১ ৩ ৫ ১ ৩ ৫ ১ ৩ ৫ ১ ◌


(৩) ৭ ৫ ৭ ৫ ৭ ৫ ◌

(৪) ১ ৩ ১ ৩ ১ ৩ ১ ◌ ১ ৩ ◌


(৫) ২ ৪ ৬ ২ ৪ ৬ ২ ৪ ◌

(৬) ◌ ৮ ৯ ৭ ৮ ৯ ৭ ৮ ৯ ৭

এরপর কী হবে?



নিচের ছবিতে কী কী প্যাটার্ন আছে খুঁজে বের করো



# সংখ্যা (৪১ থেকে ১০০)


শুদ্ধ উচ্চারণে সংখ্যা পড়ি : ৪১ থেকে ১০০

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪১ একচল্লিশ | ৫১ একান্ন | ৬১ একষট্টি | ৭১ একাত্তর | ৮১ একাশি | ৯১ একানব্বই |
| ৪২ বিয়াল্লিশ | ৫২ বায়ান্ন | ৬২ বাষট্টি | ৭২ বাহাত্তর | ৮২ বিরাশি | ৯২ বিরানব্বই |
| ৪৩ তেতাল্লিশ | ৫৩ তিপ্পান্ন | ৬৩ তেষট্টি | ৭৩ তিয়াত্তর | ৮৩ তিরাশি | ৯৩ তিরানব্বই |
| ৪৪ চুয়াল্লিশ | ৫৪ চুয়ান্ন | ৬৪ চৌষট্টি | ৭৪ চুয়াত্তর | ৮৪ চুরাশি | ৯৪ চুরানব্বই |
| ৪৫ পঁয়তাল্লিশ | ৫৫ পঞ্চান্ন | ৬৫ পঁয়ষট্টি | ৭৫ পঁচাত্তর | ৮৫ পঁচাশি | ৯৫ পঁচানব্বই |
| ৪৬ ছেচল্লিশ | ৫৬ ছাপ্পান্ন | ৬৬ ছেষট্টি | ৭৬ ছিয়াত্তর | ৮৬ ছিয়াশি | ৯৬ ছিয়ানব্বই |
| ৪৭ সাতচল্লিশ | ৫৭ সাতান্ন | ৬৭ সাতষট্টি | ৭৭ সাতাত্তর | ৮৭ সাতাশি | ৯৭ সাতানব্বই |
| ৪৮ আটচল্লিশ | ৫৮ আটান্ন | ৬৮ আটষট্টি | ৭৮ আটাত্তর | ৮৮ আটাশি | ৯৮ আটানব্বই |
| ৪৯ উনপঞ্চাশ | ৫৯ উনষাট | ৬৯ উনসত্তর | ৭৯ উনআশি | ৮৯ উননব্বই | ৯৯ নিরানব্বই |
| ৫০ পঞ্চাশ | ৬০ ষাট | ৭০ সত্তর | ৮০ আশি | ৯০ নব্বই | ১০০ একশত |

## সংখ্যা পড়ি ও লিখি

| পড়ি | লিখি | পড়ি | লিখি | পড়ি | লিখি | পড়ি | লিখি | পড়ি | লিখি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১ | ২১ | | ৪১ | | ৬১ | | ৮১ | |
| ২ | | ২২ | | ৪২ | | ৬২ | | ৮২ | |
| ৩ | | ২৩ | | ৪৩ | | ৬৩ | | ৮৩ | |
| ৪ | | ২৪ | | ৪৪ | | ৬৪ | | ৮৪ | |
| ৫ | | ২৫ | | ৪৫ | | ৬৫ | | ৮৫ | |
| ৬ | | ২৬ | | ৪৬ | | ৬৬ | | ৮৬ | |
| ৭ | | ২৭ | | ৪৭ | | ৬৭ | | ৮৭ | |
| ৮ | | ২৮ | | ৪৮ | | ৬৮ | | ৮৮ | |
| ৯ | | ২৯ | | ৪৯ | | ৬৯ | | ৮৯ | |
| ১০ | | ৩০ | | ৫০ | | ৭০ | | ৯০ | |
| ১১ | | ৩১ | | ৫১ | | ৭১ | | ৯১ | |
| ১২ | | ৩২ | | ৫২ | | ৭২ | | ৯২ | |
| ১৩ | | ৩৩ | | ৫৩ | | ৭৩ | | ৯৩ | |
| ১৪ | | ৩৪ | | ৫৪ | | ৭৪ | | ৯৪ | |
| ১৫ | | ৩৫ | | ৫৫ | | ৭৫ | | ৯৫ | |
| ১৬ | | ৩৬ | | ৫৬ | | ৭৬ | | ৯৬ | |
| ১৭ | | ৩৭ | | ৫৭ | | ৭৭ | | ৯৭ | |
| ১৮ | | ৩৮ | | ৫৮ | | ৭৮ | | ৯৮ | |
| ১৯ | | ৩৯ | | ৫৯ | | ৭৯ | | ৯৯ | |
| ২০ | | ৪০ | | ৬০ | | ৮০ | | ১০০ | |

## দশের গুচ্ছ করে বস্তুর সংখ্যা গণনা করি ও খালিঘরে সংখ্যা লিখি




ক্রম অনুসারে খালি ঘরে সংখ্যা লিখি

(১) ৭, ৮, ☐, ☐, ১১, ☐, ১৩, ১৪, ☐, ১৬











(২) ২৫, ☐, ☐, ২৮, ☐, ☐, ৩১, ☐, ☐, ৩৪

(৩) ৪৮, ☐, ☐, ৫১, ☐, ৫৩, ☐, ☐, ৫৬, ☐

(৪) ৬২, ☐, ☐, ৬৫, ☐, ☐, ☐, ৬৯, ☐, ৭১

(৫) ৮৮, ☐, ৯০, ☐, ☐, ৯৩, ☐, ☐, ☐, ৯৭

## সংখ্যা কথায় লেখা (১১ থেকে ২০)
## খালি ঘরে সংখ্যা কথায় লিখি

| গণনা করি | পড়ি | কথায় লিখি | |
|---|---|---|---|
|  | ১১ | এগারো | এগারো |
|  | ১২ | বারো | |
|  | ১৩ | তেরো | |
|  | ১৪ | চৌদ্দ | |
|  | ১৫ | পনেরো | |
|  | ১৬ | ষোলো | |
|  | ১৭ | সতেরো | |
|  | ১৮ | আঠারো | |
|  | ১৯ | উনিশ | |
|  | ২০ | বিশ | |

১০৭৫

অঙ্কে ও কথায় লেখা সংখ্যা দাগ টেনে মিল করি।

| সংখ্যা অঙ্কে | সংখ্যা কথায় | সংখ্যা অঙ্কে | সংখ্যা কথায় |
|---|---|---|---|
| ১৫ | ষোলো | ১৭ | তেরো |
| ১১ | পনেরো | ১৩ | আঠারো |
| ১৪ | বারো | ২০ | সতেরো |
| ১৬ | এগারো | ১৮ | উনিশ |
| ১২ | চৌদ্দ | ১৯ | বিশ |



সংখ্যা কথায় লিখি (একটি করে দেখানো হলো)


| | | | |
|---|---|---|---|
| ১৩ | তেরো | ১৭ | ________ |
| ১৮ | ________ | ১১ | ________ |
| ১৫ | ________ | ২০ | ________ |
| ১২ | ________ | ১৪ | ________ |
| ১৯ | ________ | ১৬ | ________ |



২০২৫



# যোগ

৩০টি খাতা ছিল । পরে আরও ২০টি খাতা কেনা হলো।
একসাথে কয়টি খাতা হলো?



| দশক | একক |
|---|---|
|  | |
|  | |







৩০ + ২০ = ☐     ☐ টি খাতা


যোগ করি

(১) ৪০ + ১০    (২) ৬০ + ২০    (৩) ৪০ + ৫০
(৪) ১০ + ৮০    (৫) ৩০ + ৩০    (৬) ৬০ + ৪০

২০২৫



## ৪১ + ১৬ কীভাবে হিসাব করি?






কীভাবে হিসাব করবে ব্যাখ্যা করো।



একক ও দশক স্থানের অঙ্ক আলাদাভাবে যোগ করতে হবে।

| | দশক | একক |
|---|---|---|
| | ৪ | ১ |
| + | ১ | ৬ |
| | ৫ | ৭ |



বাম পাশের মতো স্থানীয় মানের ছক ব্যবহার করে আমরা হিসাব করতে পারি।

৪১ + ১৬ = ☐


### যোগ করি


(১) ৩২ + ২০　　(২) ৪০ + ১৫　　(৩) ৫১ + ১৪

(৪) ৫৬ + ২৩　　(৫) ২২ + ৪৪　　(৬) ৩৪ + ৬২

## নিচের যোগগুলো কীভাবে করতে হবে?

(১) ২৩ + ৫








| | দশক | একক |
|---|---|---|
| | ২ | ৩ |
| + | | ৫ |




২৩ + ৫ = ☐

(২) ৪ + ৩২




| | দশক | একক |
|---|---|---|
| | | ৪ |
| + | ৩ | ২ |

৪ + ৩২ = ☐

২০২৫

## যোগ করি

(১) ৩১ + ৪ (২) ৪৩ + ৬ (৩) ৭০ + ২ (৪) ৬২ + ৫

(৫) ৪ + ৮১ (৬) ৯ + ৫০ (৭) ৩ + ৪৪ (৮) ৭ + ৯২

## যোগ করি

(১)
```
   ২ ৪
+  ১ ৩
-------
```

(২)
```
   ৩ ২
+  ৪ ১
-------
```

(৩)
```
   ৬ ০
+  ২ ৯
-------
```

(৪)
```
   ৪ ০
+  ৫ ০
-------
```

(৫)
```
     ৬
+  ৪ ১
-------
```

(৬)
```
   ৫ ৫
+    ৪
-------
```

## যোগ করি

(১) ৩০ + ৬০ (২) ৫৫ + ২২ (৩) ২৭ + ৪১ (৪) ২০ + ৫৩

(৫) ৫ + ৭১ (৬) ৯২ + ৬ (৭) ৫৩ + ৩৫ (৮) ৭১ + ১১

বিদ্যালয়ের একটি শ্রেণিতে ২৩ জন ছাত্র এবং ২৫ জন ছাত্রী আছে। ঐ শ্রেণিতে মোট কতজন ছাত্র-ছাত্রী আছে?

তিথির ২৭টি রঙিন কাগজ আছে। বাবা তাকে আরও ৪০টি রঙিন কাগজ দিলেন। তার কাছে এখন কয়টি রঙিন কাগজ হলো?

# বিয়োগ

**?** রাফির ২৫টি ও তুলির ১২টি গল্পের বই আছে। রাফির কতটি বই বেশি আছে?

তুমি কীভাবে হিসাব করবে?

২৫ − ১২ = ☐

| | দশক | একক | |
|---|---|---|---|
| রাফি | | | ২৫ |
| তুলি | | | ১২ |
| রাফির বেশি আছে | | | ১৩ |


| | | |
|---|---|---|
| | ২ | ৫ |
| − | ১ | ২ |
| | ১ | ৩ |

২৫ − ১২ = ১৩টি বই

**?** রবি ৩৪ টাকা নিয়ে বাজারে গেল এবং সবজি কিনল। এখন তার কাছে ১৪ টাকা আছে। সে কত টাকার সবজি কিনল?

| | | |
|---|---|---|
| | ৩ | ৪ |
| − | ১ | ৪ |
| | | |

৩৪ − ১৪ = ☐



## বিয়োগ করি

(১)

| | | |
|---|---|---|
| | ২ | ৯ |
| − | ১ | ৬ |
| | | |

(২)

| | | |
|---|---|---|
| | ৩ | ৭ |
| − | ১ | ৫ |
| | | |

(৩)

| | | |
|---|---|---|
| | ৪ | ৮ |
| − | ১ | ৩ |
| | | |

(৪)

| | | |
|---|---|---|
| | ৩ | ৮ |
| − | ৩ | ১ |
| | | |

(৫)

| | | |
|---|---|---|
| | ৪ | ১ |
| − | ৪ | ১ |
| | | |

(৬)

| | | |
|---|---|---|
| | ২ | ০ |
| − | ২ | ০ |
| | | |

(৭)

| | | |
|---|---|---|
| | ৩ | ৯ |
| − | | ২ |
| | | |

(৮)

| | | |
|---|---|---|
| | ৩ | ৫ |
| − | | ০ |
| | | |

(৯) ৩৫ − ১৩ (১০) ৪৭ − ২৬ (১১) ৩১ − ১১

১২। তানিয়ার ৩৭টি সাদা কাগজ ছিল। সে ছবি আঁকতে ১৫টি ব্যবহার করল। তার কাছে কয়টি সাদা কাগজ রইল?


১৩। সাদির নিকট ২৭ টাকা আছে। কিন্তু সে ৪৭ টাকা দামের একটি খেলনা কিনতে চায়। খেলনাটি কিনতে তার আরও কত টাকা লাগবে?

১৪। একটি বিদ্যালয়ের ২য় শ্রেণিতে ৩২ জন এবং ১ম শ্রেণিতে ৪৪ জন শিক্ষার্থী আছে। কোন শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বেশি? কত বেশি?

১৫। একটি গল্পের বইয়ের ৫০টি পৃষ্ঠা আছে। রিয়া বইটির ৩০ পৃষ্ঠা পড়েছে। তার আর কত পৃষ্ঠা পড়ার বাকি আছে?







১৬। ৩৫−১৭ বিয়োগটি দিয়ে একটি গল্প তৈরি করো।

কোনো শ্রেণিতে ৪৮ জন ছাত্র–ছাত্রী আছে। এদের মধ্যে ২৫ জন ছাত্র। ছাত্রীর সংখ্যা কত?



তুমি কীভাবে হিসাব করবে?

☐ − ☐ = ☐

| | ১০ এর দল | ১ এর দল | |
|---|---|---|---|
| মোট ছাত্র- ছাত্রী |  |  | ৪৮ |
| ছাত্র |  |  | ২৫ |
| ছাত্রী |  |  | ☐ |

| | | |
|---|---|---|
| | ৪ | ৮ |
| − | ২ | ৫ |
| | ২ | ৩ |

২৩ জন ছাত্রী

## ১। বিয়োগ করি

(১) ৩৭ − ১৩ (২) ৪৯ − ১৭ (৩) ৩৮ − ১৫

(৪) ৬৯ − ১৭ (৫) ৮৩ − ২১ (৬) ৯৯ − ৩৩

| (৭) | (৮) | (৯) |
|---|---|---|
| ৫ ৯ | ৪ ৭ | ৮ ৯ |
| − ২ ২ | − ৩ ৩ | − ৩ ৪ |

| (১০) | (১১) | (১২) |
|---|---|---|
| ৭ ৭ | ৮ ৬ | ৯ ৭ |
| − ৫ ৩ | − ৩ ১ | − ২ ৫ |

২। সামি ৭৫ টাকা নিয়ে দোকানে গেল। সে ১টি খাতা ও ১টি কলম কিনল। দোকানদারকে ৫৩ টাকা দিল। তার কাছে কত টাকা রইল?

৩। রিয়াদের বাগানে ৫৭টি আম গাছ ও ৩৩টি কাঁঠাল গাছ আছে। তাদের বাগানে কোন গাছ বেশি আছে? কতটি বেশি আছে?


৪। ফাহাদের ৩৩ টাকা ছিল। তার বাবা তাকে কিছু টাকা দিল। এখন তার ৭৫ টাকা হলো। তার বাবা তাকে কত টাকা দিল?

৫। বিদ্যালয়ের মাঠে ১ম শ্রেণির ৪৪ জন শিক্ষার্থী খেলছিল। এদের সাথে ২য় শ্রেণির কিছু শিক্ষার্থী মাঠে খেলতে গেল। ফলে মাঠে ৭৯ জন শিক্ষার্থী হলো। ২য় শ্রেণির কতজন শিক্ষার্থী মাঠে খেলতে গেল?

৬। একটি ক্রিকেট ম্যাচে রাফি ৩৭ রান এবং অভি ২২ রান করেছে। রাফি অভির চেয়ে কত রান বেশি করেছে?

# বাংলাদেশি মুদ্রা

বাংলাদেশি মুদ্রা কী কী?




বাংলাদেশি মুদ্রা ও নোট



১ টাকা





২ টাকা



৫ টাকা


১০৫

| | | |
|---|---|---|
|  | ১ টাকা |  |
|  | ২ টাকা |  |
|  | ৫ টাকা |  |
|  | ১০ টাকা |  |
|  | ২০ টাকা |  |
|  | ৫০ টাকা |  |
|  | ১০০ টাকা |  |

দাগ টেনে মিল করি



| | |
|---|---|
| ২ টাকা |  |
| ৫ টাকা |  |
| ১০০ টাকা |  |
| ২০ টাকা |  |
| ১০ টাকা |  |
| ৫০ টাকা |  |

২০২৫


যদি রেজার নিচের নোটগুলো থাকে, তবে তার কাছে কত টাকা আছে?



বস্তুর দাম কত?

টাকা


টাকা

১টি খেলনার দাম ৬০ টাকা। তুমি কোন কোন মুদ্রা ব্যবহার করে খেলনাটি কিনবে?



# নিজে করি

১। ছবি গণনা করে খালি ঘরে সংখ্যা লিখি।



২। দাগ টেনে মিল করি।

| | | | |
|---|---|---|---|
| ৪ দশ ৯ | ৮২ | ৪৭ | ৬ দশ ৯ |
| ৫ দশ ৭ | ৪৯ | ৬৯ | ৯ দশ ৯ |
| ৮ দশ ২ | ৭৯ | ৭৫ | ৪ দশ ৭ |
| ৭ দশ ৯ | ৯৫ | ৯৯ | ৮ দশ ৯ |
| ৯ দশ ৫ | ৫৭ | ৮৯ | ৭ দশ ৫ |

২০২৫

৩। ২৫ থেকে ৪০ পর্যন্ত সংখ্যাগুলো অঙ্কে লিখি।

৪। ৪২ থেকে ৬৫ পর্যন্ত সংখ্যাগুলো গণনা করি ও অঙ্কে লিখি।

৫। ৬০ থেকে ৭৬ পর্যন্ত সংখ্যাগুলো গণনা করি ও অঙ্কে লিখি।

৬। ৮০ থেকে ৯৮ পর্যন্ত সংখ্যাগুলো গণনা করি ও অঙ্কে লিখি।

৭। বড় সংখ্যাটিতে টিক চিহ্ন (✓) দিই।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭৫ | ৫৭ | ৬৯ | ৯৬ | ৮৭ | ৭৮ | ৫৯ | ৯৫ | ৮৫ | ৫৮ |

৮। কম সংখ্যাটিতে গোল (◯) দাগ দিই।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫২ | ২৫ | ৩৯ | ৪৯ | ৬৫ | ৫৬ | ৭০ | ৮০ | ৮৯ | ৯৮ |

৯। যে যে ঘরের সংখ্যাগুলো বেশি থেকে কম ক্রমে সাজানো আছে, তাতে টিক চিহ্ন (✓) দিই।

| | | | |
|---|---|---|---|
| ৩৫, ৪৮, ৫৭, ৬৬, ৭০ | ৭০, ৬৬, ৫৭, ৪৮, ৩৫ | ৯৮, ৮০, ৯৫, ৭২, ৮২ | ৮৬, ৭৭, ৬৭, ৫০, ৪৫ |

১০। সংখ্যাগুলো কম থেকে বেশি ক্রমে সাজিয়ে লিখি।

| | |
|---|---|
| ৬০, ৬৭, ৬১, ৬৯, ৬৮ | |
| ৪২, ৪০, ৫৪, ৬৫, ৪৭ | |
| ৪৩, ৫৪, ৮৫, ৫৮, ৬৮ | |
| ৬৫, ৭৭, ৯২, ৮৫, ৫৮ | |

২০২৫

১১। সংখ্যাগুলো বেশি থেকে কম ক্রমে সাজিয়ে লিখি।

| | |
|---|---|
| ৫৯, ৪৫, ৫১, ৬৮, ৪৮ | |
| ৭২, ৭৯, ৬৯, ৫৯, ৮৯ | |
| ৮০, ৯০, ৯৩, ৮৭, ৯৯ | |
| ৪৭, ৭০, ৫৬, ৮১, ৯৮ | |

১২। কথায় লিখি

(১) ১২ (২) ১৮ (৩) ১৫ (৪) ১৯ (৫) ১৩ (৬) ১৭


১৩। অঙ্কে লিখি

(১) তেরো (২) ষোলো (৩) এগারো


(৪) উনিশ (৫) চৌদ্দ (৬) বিশ

১৪। খালি ঘরে সংখ্যা লিখি

কম থেকে বেশি




বেশি থেকে কম




২০২৫

১৫। যোগ করি

| | | | |
|---|---|---|---|
| (১) ১০ + ৬ | (২) ১২ + ৫ | (৩) ১১ + ৭ | (৪) ১৬ + ৩ |
| (৫) ০ + ০ | (৬) ৮ + ৫ | (৭) ৯ + ৪ | (৮) ৬ + ৮ |
| (৯) ৭ + ৮ | (১০) ৫ + ৭ | (১১) ৯ + ৬ | (১২) ৯ + ৮ |

১৬। যোগ করি

(১) ১৫ + ২৪ (২) ৫৪ + ৩১ (৩) ০ + ৭০

(৪) ২৪ + ৫৩ (৫) ৪৮ + ২১ (৬) ৩৩ + ৫৬

(৭)

| | | |
|---|---|---|
| | ৩ | ৭ |
| + | ৪ | ১ |
| | | |

(৮)

| | | |
|---|---|---|
| | ৪ | ৫ |
| + | ৪ | ২ |
| | | |

(৯)

| | | |
|---|---|---|
| | ২ | ৯ |
| + | ৫ | ০ |
| | | |

১৭। হালিমার ২৫টি গল্পের বই ছিল। সে মেলা থেকে আরও ১২টি বই কিনল। এখন তার কতগুলো বই হলো?

১৮। একটি ক্রিকেট ম্যাচে রাফিদের দল ৪৫ রান করল এবং সামীদের দল ৩৩ রান করল। দুই দল মিলে মোট কত রান করল?

১৯। একটি বিদ্যালয়ের প্রথম শ্রেণিতে ৩৬ জন ছাত্র ও ৪৩ জন ছাত্রী আছে। ঐ বিদ্যালয়ের প্রথম শ্রেণিতে মোট কতজন ছাত্র-ছাত্রী আছে?

২০। সুমন ৫৫ টাকার বই ও ৩৩ টাকার রঙিন কলম কিনল। সে কত টাকা খরচ করল?

২১। ৩৭টি গোলাপ ও ৪০টি গাঁদা ফুল দিয়ে একটি ফুলের তোড়া বানানো হলো। তোড়া বানানোর জন্য মোট কতটি ফুল লাগল?

## ২২। বিয়োগ করি

(ক) ৭০ − ৩০ (খ) ৬০ − ৪০ (গ) ৮০ − ৫০

(ঘ) ৯০ − ৬০ (ঙ) ৮০ − ৮০ (চ) ১০০ − ২০

(ছ)
  ৫ ০
− ২ ০

(জ)
  ৪ ০
− ৩ ০

(ঝ)
  ৮ ০
− ৩ ০

(ঞ)
  ৭ ০
− ৫ ০

(ট)
  ৬ ০
− ৩ ০

(ঠ)
  ৯ ০
− ১ ০

২৩। মলি ৭০ টাকা নিয়ে দোকানে গেল। সে ৪০ টাকা দিয়ে একটি খাতা কিনল। তার কাছে কত টাকা রইল?


২৪। আমিন সাহেবের নার্সারিতে ৯০টি কাঁঠালের চারা ছিল। তিনি গত সপ্তাহে ৫০টি চারা বিক্রি করেন। এখন নার্সারিতে কয়টি কাঁঠালের চারা আছে?

২৫। একটি ক্রিকেট ম্যাচে ফাহিমের দল ৫৫ রান এবং লিটনের দল ৮৯ রান করল। কোন দল বেশি রান করেছে এবং কত রান বেশি করেছে?

২৬। ৭৭−২৫ বিয়োগটি নিয়ে গল্প তৈরি করো।

২০২৫

২৭। নিচের ছবিগুলোকে গোল, তিনকোনা এবং চারকোনা আকৃতি অনুযায়ী নিচের ছকে সাজাই।



| তিনকোনা | গোল | চারকোনা |
|---|---|---|
| | | |

২৮। এরপর কী হবে?

(ক) ৩ ৫ ৩ ৫ ৩ ৫ ৩ ৫ __

(খ) ৭ ৯ ৪ ৭ ৯ ৪ ৭ ৯ __

(গ) খ ঘ চ খ ঘ চ খ ঘ __

(ঘ) ● ★ ★ ● ★ ★ ● __

(ঙ) ▲ ▲ ■ ■ ▲ ▲ ■ ■ ▲ __

সমাপ্ত

২০২৫ শিক্ষাবর্ষের জন্য, প্রথম শ্রেণি-গণিত

সদা সত্য কথা বলবে।

তথ্য, সেবা ও সামাজিক সমস্যা প্রতিকারের জন্য '৩৩৩' কলসেন্টারে ফোন করুন।

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারের ১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য